# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৮১

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৭. যাতায়াতের রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু অপসারণ

بَاب إِمَاطَةِ الْأَذَى عَنْ الطَّرِيقِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ قَالَا حَدَّثَنَا وَكِيعٌ عَنْ أَبَانَ بْنِ صَمْعَةَ عَنْ أَبِي الْوَازِعِ الرَّاسِبِيِّ عَنْ أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيِّ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللهِ دُلَّنِي عَلَى عَمَلٍ أَنْتَفِعُ بِهِ قَالَ اعْزِلْ الْأَذَى عَنْ طَرِيقِ الْمُسْلِمِينَ

বাংলা

১/৩৬৮১। আবূ বারযা আল-আসলামী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমাকে এমন একটি কাজের পথনির্দেশ দিন যার দ্বারা আমি উপকৃত হতে পারি। তিনি বলেনঃ মুসলিমদের যাতায়াতের পথ থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলো।

## English

It was narrated that Abu Barzah Al-Aslami said:
"O Messenger of Allah! Tell me of an action by which I may benefit.' He said: 'Remove harmful things from the path of the Muslims.'"

ফুটনোট

মুসলিম ২৬১৮, আহমাদ ১৯২৬৯, ১৯২৮৬, সহীহাহ ২৩৭২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবান বিন সামআহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি শেষ বয়সে হাদিস বর্ণনায় পরিবর্তন করেছেন। ইবরাহীম বিন ইসহাক বলেন, তিনি সত্যবাদী তবে শেষ বয়সে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শেষ বয়সে হাদিস বর্ণনায় পরিবর্তন করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৩৮, ২/১২ নং পৃষ্ঠা) ২. আবুল ওয়াযি আর-রাসিবী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, আমি আশা করি তার মাঝে

কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ৮৭৩, ৪/৪৫৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44646

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন